GEORGE TELEGRAPH
SINCE 1920
www.georgetelegraph.com

# জর্জ বুলেটিন

সংখ্যা ঃ ৬ • ১৭ নভেম্বর ২০২৪

## বিবিসির উদ্যোগে জর্জ টেলিগ্রাফের সহযোগিতায় চাকরি মেলা

বর্তমান সমাজে ছাত্রছাত্রীরা চায় পঠনপাঠনের মাধ্যমে প্রতিষ্ঠিত হতে। সেই কারণেই শিক্ষা গ্রহণের পাশাপাশি এমন কোনও মঞ্চ থাকবে যেখানে তাদের জব প্লেসমেন্টের সুযোগ থাকবে। সেই লক্ষ্যেই এবারও আগামী ২০-২৪ নভেম্বর করুণাময়ী সেন্ট্রাল পার্ক, বইমেলা প্রাঙ্গনে বেঙ্গল বিজনেস কাউন্সিল এর নবজাগরণ উৎসবের আসর বসবে। এখানে শুধুমাত্র নামী ব্যবসায়ীদের সাম্রাজ্য পরিচয় নয়, পাশাপাশি সাধারণ চাকরি প্রার্থীদের জন্য থাকবে জব ফেয়ার কিংবা চাকরির মেলাও। সাধারণ মানুষ চাকরি খুঁজে নেওয়ার অবকাশ পাবেন এখানে। এমনকি বাংলা তথা নতুন প্রজন্মের কাছেও বড় সুযোগ নিজেদের প্রতিষ্ঠা করার বিষয়ে। কারণ একই স্থানে এক ছাদের তলায় দেশীয় ও বহুজাতিক সংস্থার উপস্থিতিতে সকলেই নিজেদের দক্ষতা মেলে ধরার সুযোগ পাবে।




বিভিন্ন নামী কোম্পানির প্রতিনিধিরা এই পাঁচদিন ব্যাপী বিরাট বাণিজ্য মেলায় হাজির থেকে তাদের সম্ভার মেলে ধরবেন। কোনও সাধারণ চাকরি প্রার্থী ওই সংস্থার যোগ্যতা পূর্ণ করতে পারলেই হাতে হাতে তাদের অফার লেটার পেয়ে যাবেন, সবদিক থেকেই এটি ব্যতিক্রমী।

সবাই বিদ্যা অর্জন করে সমাজে প্রতিষ্ঠিত হতে চায়। অনেকে বুঝতে পারেন না তাঁদের জীবনের দিশা কী হবে। বইমেলা প্রাঙ্গনে এই চাকরি মেলায় নিজেদের প্রমাণ করে নামী সংস্থায় যোগ দিয়ে স্বপ্ন পূরণ করতে পারবেন সাধারণ চাকরি প্রার্থীরা।







### নতুন স্বপ্ন, নতুন ভোর

বাস্তব জীবন খুব কঠিন। চাকরি প্রার্থীদের প্রতিটি দিনই চ্যালেঞ্জের। তাঁদের কাছে আসল লড়াই নিজেদের যোগ্যতা প্রমাণ করা। সেই হিসেবে তাঁরাও বিভ্রান্ত থাকে ভবিষ্যতে তারা কী করবে। শিখলেই হবে না, পাশাপাশি কাজ শিখে চাকরি পাওয়ারও একটা আশা থাকে।

বেঙ্গল বিজনেস কাউন্সিলের উদ্যোগে জর্জ টেলিগ্রাফের সহযোগিতায় জব ফেয়ার কিংবা চাকরি মেলায় সাধারণ মানুষের সেই স্বপ্ন পূরণ হতে চলেছে। এর আগের বছরগুলিতেও দেখা গিয়েছে বহু সাধারণ ঘরের বেকার যুবক-যুবতীদের কাছে এই চাকরি মেলা আশার এক আলো হিসেবে আবির্ভূত হয়েছে।

এবারও দেখা গিয়েছে বিপুল উন্মাদনা। জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউটে চাকরির মেলায় নাম নথিভুক্ত করতে ভিড় চোখে পড়ার মতো ছিল। তাই এই চাকরি মেলা ওই সব মানুষদের কাছে এক নতুন সকাল, নতুন আশা।

বর্তমান বাজারে সাধারণ মানুষের কাছে কর্মসংস্থানের দিশা পাওয়া সত্যিই খুব কঠিন। জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট প্রতিবারের মতো এবারও বেকার যুবক যুবতীদের কর্মসংস্থানের দিশা দেখাতে ২১ নভেম্বর একটি চাকরির মেলার আয়োজন করেছে। অংশ গ্রহণ করবেন প্রায় ১০০০ চাকরি প্রার্থীরা।